

প্রিয় বাসিন্দা,

চার্চ স্ট্রিটের সাইট A, B ও C এর জন্য ইনডিপেনডেন্ট রেসিডেন্ট ব্যালট

চার্চ স্ট্রিটের সাইট A, B ও C এর রিডেভল্যাপমেন্টের পরবর্তী ধাপের ব্যাপারে আমরা আপনাদের আপডেট করতে চাই। যদিও আপনারা জানেন যে তিনটি সাইটের জন্যই একটি প্ল্যানিং অ্যাপ্লিকেশন জমা দেওয়া হয়েছে, কাউন্সিলটি ফেয়ারার হাউজেস প্লেজ-এ অঙ্গীকার করেছে যে, সকল রিজেনারেশন যেসকল স্থানীয় বাসিন্দাদের সাহায্য করার জন্য করা হচ্ছে সেগুলোকে তারা সমর্থন করতে হবে।

সাইট A, B ও C এর যোগ্য বাসিন্দাদের জন্য একটি স্বাধীন ব্যালটের আয়োজন করা হবে, যেটি পরবর্তীতে এই বছর অনুষ্ঠিত হবে। ব্যালটটি যোগ্য বাসিন্দাদের তাদের ঘর রিডেভল্যাপমেন্টের ব্যাপারে এবং তিনটি সাইটের ব্যাপারে প্রস্তাবনার ব্যাপারে ভোট দেওয়ার সুযোগ প্রদান করবে। কাউন্সিলটি ব্যালটটির ব্যাপারে এটি ইতিবাচক ফলাফল চাচ্ছে।

কাউন্সিলের নিজস্ব ফান্ডিং রিসোর্সেস এর পাশাপাশি আমরা আরো ফান্ডিং পাওয়ার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ। বাসিন্দাদের কাছ থেকে একটি 'হা' ভোট কাউন্সিলটিকে নতুন সোশাল রেন্টেড হোমস বৃদ্ধি করতে সক্ষম করবে গ্রেটার লন্ডন অথরিটি (জিএলএ) থেকে অতিরিক্ত ফান্ডিং পাওয়ার মাধ্যমে।

রেসিডেন্ট ব্যালটটি সিভিকা ইলেকশন সার্ভিসেস (সিইএস) কর্তৃক পরিচালিত হবে জিএলএ এর নির্দেশনা অনুযায়ী। নির্দেশনায় উল্লেখ করা হয়েছে যে ভোট প্রদান করার ব্যাপারে কে যোগ্য এবং ব্যালটটি কীভাবে সম্পন্ন করা হবে। সিইএস সাইট A, B ও C-এর সকল ঘরে ভোটিং রেজিস্ট্রেশনের ব্যাপারে লিখবে।

অনুগ্রহ করে সংযুক্ত লিফলেটটি দেখুন, যেটিতে বর্ণনা করা হয়েছে ব্যালটটির সার্বিক চিত্র, ভোট দিতে কে যোগ্য এবং সিইএস কীভাবে ভোটিং রেজিস্ট্রেশন এবং ব্যালট পরিচালনা করবে।

পরবর্তী কয়েক সপ্তাহে, আমরা ভোট প্রদান করতে যোগ্য সকলের সাথে যোগাযোগ করব এবং তাদের একটি 1-2-1 সেশনে আমন্ত্রণ জানাব, যেটি সরাসরি, টেলিফোন বা অনলাইনের মাধ্যমে হতে পারে ব্যালট এবং ল্যান্ডলর্ড অফারের ব্যাপারে আলোচনা করার জন্য। দ্য ল্যান্ডলর্ডস অফার বাসিন্দাদের প্রতি কাউন্সিলের অঙ্গীকারগুলো বর্ণনা করে।

ওয়ার্কশপ ও ড্রপ ইন আয়োজন করা হবে যেখানে আপনি একজন টিম মেম্বারের সাথে ল্যান্ডলর্ড অফার এবং ব্যালট প্রক্রিয়ার ব্যাপারে আলোচনা করতে পারবেন। সময়ের কাছাকাছি আমরা আপনাকে ওয়ার্কশপগুলোর তারিখ জানাব।

আপনি যদি ভোট প্রদান করতে যোগ্য না হন, আপনি কোনো ওয়ার্কশপে আসতে পারেন বা আমাদের সাথে যোগাযোগ করতে পারেন যদি আপনি ব্যালটটির এবং চার্চ স্ট্রিটের ব্যাপারে আরো জানতে চান।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন **020 7641 2968** নম্বরে বা ইমেইলে: churchstreet@westminster.gov.uk একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য বা কোনো টিম মেম্বারের সাথে কথা বলার জন্য।

আমরা আমাদের নিউজলেটার এবং ওয়েবসাইট churchstreet.org-এ ব্যালট এবং রিডেভল্যাপমেন্টের ব্যাপারে আপডেট প্রদান করে যাব। এই চিঠিটি আরবি ও বাংলায় অনুবাদ করা হয়েছে, এবং আপনার যদি তথ্যগুলো অন্য কোনো ভাষা বা ফরম্যাটে প্রয়োজন হয় তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত

নাটালি থমাস [Natalie Thomas]
চার্চ স্ট্রিট রিজেনারেশন ডিরেক্টর



City of Westminster